যুগান্তর

তারিখ 24 APR 2008
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# অধ্যক্ষ সেলিম ভূঁইয়ার বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয়ের তদন্তের ওপর হাইকোর্টের স্থায়ী নিষেধাজ্ঞা

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী ও দনিয়া একে স্কুল এন্ড কলেজ অধ্যক্ষ মোঃ সেলিম ভূঁইয়ার বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয়ের তদন্ত কার্যক্রমের ওপর বুধবার স্থায়ী নিষেধাজ্ঞা দিয়েছেন হাইকোর্ট। এর আগে ৩ ফেব্রুয়ারি হাইকোর্ট তদন্ত কার্যক্রমের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা দিয়েছিলেন, যার রিট মামলা নং ৬৩৬/২০০৮। হাইকোর্টের অস্থায়ী নিষেধাজ্ঞা সত্ত্বেও একটি মহল অধ্যক্ষ সেলিম ভূঁইয়ার বিরুদ্ধে উদ্দেশ্যমূলকভাবে ব্যবস্থা নিতে চেয়েছিল। হাইকোর্টের নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কোর্ট অবমাননার মামলা করার প্রস্তুতি নিচ্ছেন অধ্যক্ষ সেলিম ভূঁইয়া। সংবাদ বিজ্ঞপ্তি।